‘এজেন্সি নয় চাকরি’র দাবিতে তৃণমূলের মহামিছিল

নিজস্ব প্রতিবেদন, অন্ডাল: সোমবার বিকেলে ‘এজেন্সি নয় চাকরি’-র দাবিতে অন্ডালে একটি মহা মিছিল করে তৃণমূল কংগ্রেস। এদিন অন্ডাল মোড় থেকে মিছিলটির সূচনা হয়। শেষ হয় পোস্ট অফিস মোড়ে। মিছিলে উপস্থিত ছিলেন দলের ব্লক সভাপতি কালোবরণ মণ্ডল, মহিলা তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি মিনতি হাজরা, যুব জেলা সভাপতি কৌশিক মণ্ডল, দলের শ্রমিক সংগঠনের ব্লক সভাপতি পার্থ দেওয়াসি, পশ্চিম বর্ধমান জেলা পরিষদের কো-মেন্টর কাঞ্চন মিত্র সহ অন্যান্যরা। এদিন মিছিলে যোগ দেন প্রায় হাজার খানেক তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থক। ব্লক সভাপতি কালোবরন মণ্ডল বলেন, কেন্দ্রের বিজেপি সরকার উন্নয়ন, শিল্প, কর্মসংস্থান সহ সব কাজে পুরোপুরি ব্যর্থ। তাই নিজেদের ব্যর্থতা ঢাকতে সিবিআই, ইডি সহ অন্যান্য এজেন্সির কে ব্যবহার করছে। বিরোধীদলের নেতা-নেত্রীদের মিথ্যা মামলায় জড়ানো হচ্ছে। কেন্দ্রের এই পক্ষপাতিত্বের বিরুদ্ধে ও এজেন্সি নয় চাকরির দাবিতে এই মহামিছিল।

সরকারি রাজস্ব আদায়ের অফিসে তৃণমূল নেতার দাদাগিরি

নিজস্ব প্রতিবেদন রামপুরহাট: রাজস্ব আদায়ের সরকারি কর্মীর বিরুদ্ধে এফআইআর করে দেখে নেওয়ার হুমকি তৃণমূল নেতার। ঘটনাটি বীরভূমের রাজগ্রামে। রাজগ্রাম পাথর শিল্পাঞ্চল এলাকায় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরে রাজস্ব আদায়ের একটি কার্যালয় রয়েছে। সেই কার্যালয়ে নিজের দলের লোকজন নিয়ে যান এলাকার তৃনমুল কংগ্রেস নেতা আসগার আলী। তিনি তৃণমূল কংগ্রেসের বীরভূম জেলার সহসভাপতি এবং বীরভূম জেলা পরিষদের বিদ্যুত কর্মাধ্যক্ষ। তিনি আজ ভূমি ও ভূমি রাজস্ব আদায়ের অফিসে গিয়ে রাজস্ব আদায়ের হিসাব দেখতে শুরু করেন। সেখানে কর্মরত ভূমি দপ্তরের কর্মী তাকে হিসেবও দেখান। তৃণমূল নেতা বলতে শুরু করেন কেন এত কম রাজস্ব হচ্ছে। এরপরই তিনি ওই কর্মীকে উদ্দেশ্য করে এফআইআর করে দেখে নেওয়ার হুমকি দেন। যদিও আসগার আলীর দাবি রাজস্ব আদায়ে কারচুপি করা হচ্ছে। যদিও সব অভিযোগ অস্বীকার করেছেন রাজস্ব কর্মী।

খনির নীচে কর্মরত শ্রমিকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, লাউদোহা: ঝাঁঝরা এরিয়ার এমআইসি কোলিয়ারিতে সোমবার কর্মরত অবস্থায় খনির নীচে মৃত্যু হয় এক শ্রমিকের। মৃত শ্রমিকের নাম সোহন ভুঁইয়া (৫৪)। সহকর্মীরা জানান, এদিন সকাল আটটায় কাজে যোগ দেন সোহনবাবু। দুপুর সাড়ে তিনটে নাগাদ হঠাৎই অসুস্থ বোধ করাই তিনি খনির নীচেই বসে পড়েন। সহকর্মীরা তাঁকে উপরে তুলে নিয়ে আসেন। এরপর স্থানীয় চিকিৎসকের কাছে নিয়ে গেলে চিকিৎসক সোহন বাবুকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন পরিবারের সদস্যরা। সহকর্মীর এমন মৃত্যুতে শোকের ছায়া নেমেছে কোলিয়ারি চত্বরে। পরিবার সূত্রে জানা গিয়েছে, সোহনবাবু অসুস্থতার কারণে কয়েকদিন ছুটি নিয়েছিলেন। সুস্থ হয়ে তিনি কাজে যোগ দেন। চিকিৎসকের প্রাথমিক ধারণা, স্ট্রোকের কারণে তাঁর মৃত্যু হয়েছে।

আত্মঘাতী ছাত্রী

নিজস্ব প্রতিবেদন, গাইঘাটা: গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হল এক নবম শ্রেণির ছাত্রী। জানা গিয়েছে, মৃত ওই ছাত্রীর নাম দীপিকা রায়। সে কলকাতার একটি স্কুলে পড়াশোনা করত। সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে, গাইঘাটা থানার বণিক পাড়া এলাকায়। পরিবার সূত্রে জানা গিয়েছে, এদিন দীপিকার মা এবং বাবা কলকাতায় ফুল বিক্রি করতে গিয়েছিলেন। বাড়িতে দীপিকা ও দীপিকার ভাই ছিল। ফাঁকা বাড়িতে গায়ে কেরোসিন তেল ঢেলে আগুন ধরিয়ে দেয় দেয়। ভাইয়ের চিৎকারে প্রতিবেশীরা ছুটে এসে দরজা ভেঙে ভিতরে ঢুকে দেখেন অগ্নিদগ্ধ অবস্থায় মেঝেতে পড়ে রয়েছে দীপিকা। স্থানীয়রা খবর দেয় তার বাবা-মা ও গাইঘাটা থানায়। পুলিশ এসে দেহটি উদ্ধার করে চাঁদপাড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার মৃত বলে ঘোষণা করে। পরিবার সূত্রে জানা গিয়েছে এর আগেও একবার দীপিকা আত্মহত্যা করতে গিয়েছিল। তবে ঠিক কি কারণে আত্মহত্যা করেছে তা নিয়ে ধোঁয়াশায় পরিবার।

নতুন করে বাড়ি তৈরি করতে বাধা, বিবাদে জড়িয়ে দাদাকে কুপিয়ে খুন করার অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, মালদা: মাত্র দেড় ফিট জায়গা ছাড়া নিয়ে বিবাদ। আর তারই জেরে শাবল দিয়ে দাদাকে কুপিয়ে খুন করার অভিযোগ উঠল ভাইয়ের বিরুদ্ধে। সোমবার দুপুরে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে, রতুয়া থানার বাহারাল গ্রাম পঞ্চায়েতের কসবা গ্রামে। এই ঘটনায় মৃতের পরিবার অভিযুক্ত ভাই সৈয়দ আরশাদ সহ পাঁচ জনের বিরুদ্ধে রতুয়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। ঘটনার পর থেকে পলাতক মূল অভিযুক্ত। পুলিশ দু'জনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

পুলিশ ওই স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম সৈয়দ মুরশেদ আলি (৬২)। পরিবার ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সৈয়দ মুরশেদের বাড়ির পাশেই রয়েছে তার ভাই সৈয়দ আরশাদের বাড়ি। মাটির বাড়ি ভেঙে নতুন বাড়ি দিচ্ছিলেন দাদা

মুরশেদ। আর এই বাড়ি দেওয়াকে কেন্দ্র করে শুরু হয় দুই পরিবারের মধ্যে বিবাদ। আর সেই বিবাদকে কেন্দ্র করে শুরু হয় প্রথমে হাতাহাতি তারপরে ধারালো অস্ত্র নিয়ে শুরু হয় হামলা। ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর জখম হয় সৈয়দ মুরশেদ আলি। তাকে চিকিৎসার জন্য প্রথমে নিয়ে যাওয়া হয় স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে। সেখান থেকে অবস্থার অবনতি হলে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় সৈয়দ মুরশেদ আলির। এই ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে রতুয়া থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

মৃতের পরিবার জানিয়েছে, পুরনো বাড়ি ভেঙে নতুন করে বাড়ি তৈরি করছিলেন মুরশেদ আলি। কিন্তু সেই বাড়ির দেড় ফিট জায়গা ছেড়েই বাড়ি তৈরি হচ্ছিল। কিন্তু সেই দেড় ফিট জায়গা ছাড়া নিয়ে প্রথম থেকে আপত্তি জানিয়েছিল মুরশেদের ভাই সৈয়দ আরশাদ। বাড়ি করতে দেবে না বলেই গোলমাল সৃষ্টি করেছিল। আর তারপরই এদিন অতর্কিত দাদার ওপর হাঁসুয়া, শাবল নিয়ে অতর্কিতে হামলা চালায়।

মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। অভিযুক্তদের খোঁজ শুরু করেছে পুলিশ।

বাসন্তী হাইওয়ে থেকে নিখোঁজ ব্যক্তির দেহ উদ্ধার, তদন্তে পুলিশ

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: আবারও বাসন্তী হাইওয়ের ধার থেকে নিখোঁজ যুবকের দেহ উদ্ধার। ঘটনাটি ঘটেছে বসিরহাট জেলার মিনাখা থানার মিনাখা গ্রাম পঞ্চায়েতের মালঞ্চ এলাকায়। সূত্রে জানা গিয়েছে, কলকাতা ও বাসন্তী হাইওয়ে মালঞ্চ কালিতলা এলাকার পেট্রোল পাম্প সংলগ্ন এলাকা থেকে আনুমানিক ৩৮ বছরের এক ব্যক্তির দেহ দেখতে পায় স্থানীয় বাসিন্দারা। তারপর মিনাখাঁ থানায় খবর দিলে পুলিশ এসে দেহটি উদ্ধার করে মিনাখাঁ গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করে, মৃতের নাম পালান দাস। বয়স আনুমানিক ৩৮ বছর। বাড়ি হাড়োয়া থানার অন্তর্গত বাছড়া মোহনপুর এলাকায়।

বসিরহাট

পরিবার সূত্রে জানা গিয়েছে, রবিবার বিকেল থেকে নিখোঁজ ছিল ওই ব্যক্তি, ইতিমধ্যে মিনাখাঁ থানার পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলার রুজু করে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে। পাশাপাশি মৃত্যুর কারণ জানতে মৃতদেহটি ময়নাতদন্তের জন্য বসিরহাট জেলা হাসপাতালের পুলিশ মর্গে পাঠানো হয়েছে।

এলাকা বাসিন্দাদের প্রশ্ন ওই ব্যক্তি হাড়োয়া থেকে এত দূরে কি করে এল এবং মৃতদেহটি মালঞ্চ এলাকায় কিভাবে এল নাকি কেউ মেরে ফেলে দিয়েছে? নাকি অন্য কোনও কারণ আছে। সমস্তটাই নজরে রেখেছে মিনাখাঁ থানার পুলিশ। এই এলাকা থেকে মৃত দেহ উদ্ধার হওয়ায় এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।

পুজোর সরকারি অনুদানের চেক বিলি অনুষ্ঠানে একাধিক সচেতনতার বার্তা পুলিশের

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: দুর্গাপুরের দুর্গাপুজো কমিটিগুলোতে সোমাবার সৃজনী প্রেক্ষাগৃহে সরকারি অনুদানের চেক তুলে দেওয়া হয় আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে। অনুষ্ঠানে পুলিশ কমিশনার সুধীর কুমার নীলকান্তম, ডিসি (পূর্ব) অভিষেক গুপ্তা, দুর্গাপুর মহকুমা শাসক সৌরভ চট্টোপাধ্যায়, দুর্গাপুর পুরসভার প্রশাসক অনিন্দিতা মুখোপাধ্যায় ও আসানসোল-দুর্গাপুর উন্নয়ন পর্ষদের ভাইস চেয়ারম্যান কবি দত্ত, দুর্গাপুর মহকুমা হাসপাতালের সুপার ধীমান মণ্ডল সহ ট্রাফিক গার্ড সহ একাধিক পুলিশ আধিকারিকরা। এছাড়াও উপস্থিত ছিলেন পুজো কমিটির উদ্যোক্তারা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, পশ্চিম বর্ধমান জেলায় ১১০০ টিরও অধিক দুর্গাপুজো অনুষ্ঠিত হচ্ছে। ১১৩০ টি পুজো কমিটির হাতে চেক প্রদান করা হবে। এর মধ্যে ৫০০ টর অধিক দুর্গাপুজো অনুষ্ঠিত হচ্ছে দুর্গাপুর মহকুমা জুড়ে। যানজট ও আইনশৃঙ্খলা সহ দুষ্কৃতীমূলক কার্যকলাপের ওপর বিশেষ নজরদারির থাকবে বলে জানান পুলিশ কমিশনার সুধীর কুমার নীলকান্তম। তিনি আরও জানান, ভলান্টিয়ারের সংখ্যা বাড়ানোর জন্য পুজো কমিটিগুলিকে জানানো হয়েছে। পাশাপাশি মণ্ডপের প্রবেশ ও বাহির হওয়ার রাস্তায় বিশেষ নজরদারির জন্য জানানো হয়েছে। সিসিটিভি ক্যামেরার পাশাপাশি ড্রোন দ্বারা নজরদারি চালাবে পুলিশ। যানজট এলাকাগুলো চিহ্নিত করা হয়েছে। ট্রাফিকের পক্ষ থেকে যানজট এড়াতে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। এছাড়াও ট্রাফিক বিভাগে পুজো ম্যাপে কিউআর কোড দেওয়া থাকছে। ফলে কিউআর কোড স্ক্যান করে সহজেই জানা যাবে যানজটের পরিস্থিতি সহ অবস্থান। দুষ্কৃতীমূলক কার্যকলাপের বিষয়ে বিশেষ নজরদারি বাড়ানো হয়েছে পুলিশের তরফ থেকে। বাড়ানো হয়েছে নাকা চেকিং। দুষ্কৃতীমূলক কার্যকলাপ পরিচালনাকারী দুষ্কৃতীদের গতিবিধির ওপর নজরদারি রাখা হয়েছে। সীমান্তবর্তী এলাকাগুলোতে সিসিটিভি ক্যামেরা আরও বাড়ানো হয়েছে।

বেহাল রাস্তা মেরামতির দাবিতে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: বেহাল রাস্তা মেরামতের দাবিতে ৩টি গ্রামের বাসিন্দারা একত্রিত হয়ে সোমবার জামালপুর বিডিও অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখায়। এদিন মীরাপাড়া, শালমূলা, আদমপুর গ্রামের শতাধিক গ্রামবাসী এই কর্মসূচিতে সামিল হন। গ্রামবাসীদের অভিযোগ, এই তিনটি গ্রামের প্রধান রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় রয়েছে। গ্রামের মধ্যে রয়েছে প্রাইমারি স্কুল, অঙ্গনওয়াড়ি স্কুল, একটি গেঞ্জি ফ্যাক্টরি। যেখানে জীবিকা এবং শিক্ষার জন্য বহু মানুষের পাশাপাশি পড়ুয়াদেরও ওই বেহাল রাস্তা দিয়েই যাতায়াত করতে হয়।

মাঝে মাঝেই ওই রাস্তায় ঘটে দুর্ঘটনা। রাস্তার উপরে একাধিক জায়গায় রয়েছে বড় বড় গর্ত। অল্প বৃষ্টিতে সেই গর্তে জল জমে মারণফাঁদ তৈরি হয় রাস্তায়।

তাই দ্রুত রাস্তা মেরামতের দাবি নিয়ে গ্রামবাসীরা বিক্ষোভের পর বিডিওর কাছে একটি স্মারকলিপি জমা দেন। অবশেষে বিষয়টি খতিয়ে দেখে দ্রুত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন বিডিও।

SBI এসবিআই মুগবেড়িয়া শাখা, গ্রাম- সোয়াদিঘি, পোস্ট-ভুপতিনগর, থানা- মুগবেড়িয়া, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১৪২৫

অ্যাডভোকেটের দ্বারা সম্পত্তির টাইটেল তদন্ত করা জনবিজ্ঞপ্তি

এতদ্বারা জনসাধারণকে নোটিশ দেওয়া হল যে নিম্নস্বাক্ষরিত অ্যাডভোকেট, **অয়ন মন্ডল**, ভারতীয় বাসিন্দা, বর্তমানে গ্রাম- জিয়াখালী, পোস্ট- মাইশালী, থানা- ভুপতিনগর, জেলা পূর্ব মেদিনীপুর -এ বসবাসকারীর টাইটেলটি তদন্ত করছেন, সম্পত্তিটি আরও বিশেষভাবে বর্ণিত নিম্ন তফসিলে।

যদি কোনও ব্যক্তির বিক্রয়, বিনিময়, বন্ধক, ভাড়া, লিজ, লিয়েন, চার্জ, রক্ষণাবেক্ষণ, লাইসেন্স, উপহার, উত্তরাধিকার, ভাগ, দখল, স্বাচ্ছন্দ্য, ট্রাস্ট, উইল দখল, অ্যাসাইনমেন্ট বা দায়-দায়িত্ব বা অন্যথায় যে কোনও প্রকৃতির দাবি থাকে তাহলে এতদ্বারা এখানে প্রকাশের তারিখ থেকে ১৪ দিনের মধ্যে সমস্ত প্রয়োজনীয় এবং সমর্থনকারী নথি সহ এই জাতীয় দাবি নীচে উল্লিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হচ্ছে, এতে ব্যর্থ হলে অনুমান করা হবে যে কোনও দাবি নেই এবং সেই দাবিগুলি, যদি থাকে, মওকুফ করা হয়েছে এবং নিম্নস্বাক্ষরকারী তার বিষয়ে একটি টাইটেল শংসাপত্র জারি করতে এগিয়ে যাবে।

সম্পত্তির তফসিল

জেলা- পূর্ব মেদিনীপুর, থান -ভুপতিনগর, মৌজা-খানজাদাপুর, জে.এল. নং- ২৬১, খতিয়ান নং - ২৩৭৮, আর.এস. এবং এল.আর. প্লট নং - ৮৫৫, মোট জমি - ১০ ডেসিমেল। জমির প্রকৃতি- বাস্তু।

স্বা/-
তারিখ: ২০.০৯.২০২২ — সারিন মন্ডল, অ্যাডভোকেট, কন্টাই কোর্ট,
স্থান: কন্টাই — সিভিল বার অ্যাসোসিয়েশন, পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১৪০১,

SBI স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া আমতা শাখা
আমতা, হাওড়া, পিন- ৭১১৪০১
ই-মেইল: sbi.04787@sbi.co.in

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) [রুল-৮(১)]

যেহেতু, অ্যাকাউন্ট নং -১০৬৩৯৯৩৯৫৫৯/১০৬৩৯৯৩৯৯২৭/৩১৯৩৮০৯৫১৬৯

নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আমতা শাখার** অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(২) অধীনে **২৮.০৪.২০২২ তারিখে দাবি বিজ্ঞপ্তি** প্রদানপূর্বক ঋণগ্রহীতা **শ্রী অসীম বিশ্বাস, ৪১৭, সুভাষ নগর বাই লেন, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা- ৭০০০৬৫** -কে আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থ **৬,৪২,৪৭৫/-টাকা (ছয় লক্ষ বিয়াল্লিশ হাজার চারশো পঁচাত্তর টাকা মাত্র) ২৮.০৪.২০২২ অনুযায়ী** সেইসঙ্গে আরও সুদ উল্লিখিত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলা হয়েছিল।

ঋণগ্রহীতা টাকার অঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন, উক্ত রুলস-এর রুল ৮ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **১৭ সেপ্টেম্বর, ২০২২** তারিখে।

বিশেষভাবে ঋণগ্রহীতাকে এবং সাধারণভাবে জনগণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনও লেনদেন না করেন এবং সম্পত্তির কোনওপ্রকার লেনদেনে, **৬,৪২,৪৭৫/- টাকা (ছয় লক্ষ বিয়াল্লিশ হাজার চারশো পঁচাত্তর টাকা মাত্র)** এবং তার উপর সুদ, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ধার্য সাপেক্ষ হবে।

ঋণগ্রহীতাগণের-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির বিবরণ

২০০২ সালের ডিড নং আই- ৭৪৯২।
সম্পত্তিটি শ্রী অসীম বিশ্বাস, পিতা-অনিল বিশ্বাস, ৪১৭ সুভাষ নগর বাই লেন, দমদম ক্যান্টনমেন্ট, পোস্ট- কবিন্দ্রনগর, থানা- দমদম, কলকাতা- ৭০০০৬৫, জেলা- উত্তর ২৪ পরগনা।
৭৯৪ বর্গফুট পরিমাপের ফ্ল্যাটের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল প্রথমতলে এবং দ্বিতীয় তলায় ৮২১ বর্গফুট, মৌজা-ডিগলায় জেএল নং ১৮, তৌজি নং ১৭১, আরএস নং ১৬১, সি এস দাগ নং ৬৬০(পি), খতি নং ৬৭৭, দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটির এক্তিয়ারের অধীনে, ওয়ার্ড নং ৬।
চতুর্দিক পরিবেষ্টিত :- উত্তরে- শৈলেন্দ্র নাথ গুহ নিওগীর বাড়ি, দক্ষিণে- সুভাষ নগর বাই লেন, পূর্ব- শ্রী নিওগীর বাড়ি, পশ্চিমে- শ্রী কার্তিক দত্ত এর বাড়ি দ্বারা।

বিদ্রঃ : দখল বিজ্ঞপ্তিটি ইতিমধ্যেই ঋণগ্রহীতা/জামিনদারের কাছে স্পিড পোস্ট মাধ্যমে পাঠানো হয়েছে। যদি ঋণগ্রহীতা/জামিনদার এটি না পেয়ে থাকেন, তাহলে এই বিজ্ঞপ্তিটি পরিষেবার একটি বিকল্প পদ্ধতি হিসাবে বিবেচিত হতে পারে।

তারিখ: ১৭.০৯.২০২২, স্থান: কলকাতা — **অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

এল&টি ফাইনান্স লিমিটেড
রেজিস্টার্ড কার্যালয়: 15 তলা, পিএস সৃজন টেক পার্ক, প্লট নং 52, ব্লক ডিএন, সেক্টর V, সল্টলেক সিটি, কলকাতা 700091, জেলা 24-পরগণা নর্থ।
CIN No.: U65910WB1993FLC060810
শাখা অফিস: কলকাতা

L&T Financial Services

বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002] -এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির ই-অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে''** এবং **''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিকই-অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নম্বর(গুলি)	শারীরিক দখল নেওয়া হয়েছে	আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়)	সর্বমোট বকেয়া আছে 14/09/2022 অনুসারে	রক্ষিত মূল্য (টাকায়)	ইনস্পেকশনের তারিখ	অকশনের তারিখ এবং সময়
1. মানিক জানা 2. রতন জানা 3. মেসার্স লায়ন সিকিউরিটিজ সার্ভিসেস 4. মেসার্স লায়ন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টিগেশন ব্যুরো	সম্পত্তির ঠিকানা- ফ্ল্যাট নং.7, 3য় তলা, দক্ষিণ-পূর্ব-উত্তর দিক সম্মুখবর্তী এবং ফ্ল্যাট নং.8, 4র্থ তলা, দক্ষিণ-পূর্ব-উত্তর দিক সম্মুখবর্তী, হোল্ডিং নং.120/1, নবমহাজাতি রোড, পি.এস. দমদম, ওয়ার্ড নং.7, দমদম মিউনিসিপালিটির অধীন, কলকাতা, পশ্চিমবঙ্গ, বাঁকুড়া এবং প্রাচীর সহ: পূর্ব: বিশ্বজিৎ দামের সম্পত্তি পশ্চিম: নব মহাজাতি রোড উত্তর: 9 ফুট চওড়া রাস্তা দক্ষিণ: অজয় ব্যানার্জির সম্পত্তি	KOLHL18000378 এবং KOLHL18000383	55 ই সেপ্টেম্বর 2022	টা. 3,96,988/-	টা. 38,98,394.28	টা. 39,69,880/-	14/10/2022	20/10/2022

পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি

1. ই-অকশন সেল পরিচালনা করা হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা ওয়েবসাইটের মাধ্যমে যা হল **https://sarfaesi.E-auctiontiger.net** এসএআরএফএইএসআই (SARFAESI) -এর আইনের বিধানের অধীনে এবং পাবলিক ই-অকশন পদ্ধতিতে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায়।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10 % পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **14/10/2022**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25 % ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **20/10/2022**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **21/10/2022**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল অ্যান্ড টি ফাইনান্স লিমিটেড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনুসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শনের জন্য বা আরও তথ্য জানার জন্য, সম্ভাব্য দরদাতা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন যার **''নাম-অঙ্কিত কুমার, ডিভিশনাল লিগেল ম্যানেজার: লিটিগেশন- পশ্চিমবঙ্গ, এল&টি ফাইনান্সিয়াল সার্ভিসেস, পি.এস. সৃজন টেক পার্ক, যোগাযোগ: 8789493214 ; ইমেল: ankitkumar13@ltfs.com, অ্যাসেট ডিসপোজাল ম্যানেজার-অঙ্কিত ভিআইজি, যোগাযোগ নং - 8668943242**। ই-অকশনের যে-কোনও স্তরে অনুমোদিত আধিকারিক নিলামটি বা অফার টি স্বীকার করতে বা প্রত্যাখান করতে বা সংশোধন করতে বা বাতিল করতে বা স্থগিত রাখতে পারেন ই-অকশন কোনও কারণ না দেখিয়ে এবং কোনও পূর্ব ঘোষণা ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স,যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট)রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল অ্যান্ড টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল অ্যান্ড টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

তারিখ: 20.09.2022
স্থান: কলকাতা

স্বাক্ষরিত
অনুমোদিত আধিকারিক
এল&টি ফাইনান্স লিমিটেড-এর তরফে

পঞ্জাব নেশনাল ব্যাঙ্ক punjab national bank | United Bank of India | Oriental Bank of Commerce

দাবি বিজ্ঞপ্তি

জোনাল সত্ত্ব সেন্টার, রেড ক্রস রোড, সিটি সেন্টার, দুর্গাপুর - ৭১৩২১৬, ইমেল: zs8344@pnb.co.in

**[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সম